Competition for growth
Bangladesh Competition Commission

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# প্রতিযোগিতা সাময়িকী

মুজিব শতবর্ষ MUJIB 100

বর্ষ ২। সংখ্যা ৪। জুন ২০২১। জ্যৈষ্ঠ-আষাঢ় ১৪২৮

## প্রতিযোগিতা সাময়িকীর ৪র্থ সংস্করণ প্রকাশ

দেশের সুষম ও টেকসই উন্নয়নের অন্যতম চালিকাশক্তি ব্যবসা-বাণিজ্য। কিন্তু কতিপয় অসাধু ব্যবসা প্রতিষ্ঠান মনোপলি, অলিগোপলি, কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার, কার্টেল ও মার্জার প্রভৃতির মাধ্যমে বিভিন্ন পণ্য ও সেবা থেকে অস্বাভাবিক মুনাফা অর্জনের মাধ্যমে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতাকে ব্যাহত করে। বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে প্রতিযোগিতা আইন কার্যকরভাবে প্রয়োগের কোনো বিকল্প নেই। প্রতিযোগিতা আইনের যথাযথ বাস্তবায়নের মাধ্যমে বাজারকে ব্যবসা-বান্ধব ও ভোক্তা-বান্ধব করতে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ করেছে। কোভিড-১৯ জনিত মহামারীর কারনে অন্যান্য দপ্তরের ন্যায় কমিশনের কার্যক্রম কিছুটা বাধাগ্রস্থ হলেও কমিশনের আন্তরিক প্রচেষ্টায় রাজধানী ঢাকাসহ বিভাগীয় ও জেলা পর্যায়ে প্রতিযোগিতা আইন, ২০১২ এবং কমিশনের কার্যক্রম বিষয়ে বেশ কয়েকটি অবহিতকরণ সভা/সেমিনার অনুষ্ঠিত হয়েছে। নিত্য প্রয়োজনীয় পণ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি প্রতিরোধে ব্যবসায়ীদের সচেতন করার লক্ষ্যে বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় বিজ্ঞাপন প্রচার করা হয়েছে। এ সকল কার্যক্রম কমিশনের "প্রতিযোগিতা সাময়িকী" ৪র্থ প্রকাশনায় তুলে ধরা হয়েছে।

## কমিশন কর্তৃক চট্টগ্রাম বিভাগের সাথে পবিত্র রমজান উপলক্ষে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনদের ভূমিকা শীর্ষক ভার্চুয়াল সভা পরিচালনা


বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে বিগত ০৫ এপ্রিল ২০২১ তারিখ বিভাগীয় প্রশাসন, চট্টগ্রাম ও জেলা প্রশাসন, চট্টগ্রামের সার্বিক সহযোগিতায় "পবিত্র রমজান উপলক্ষে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে অংশীজনদের ভূমিকা" শীর্ষক চট্টগ্রাম বিভাগীয় সেমিনার (ভার্চুয়ালি) অনুষ্ঠিত হয়।

উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি যোগদান করেন বাণিজ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব টিপু মুনশি, এমপি। সভাপতিত্ব করেন জনাব মোঃ মফিজুল ইসলাম, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। সেমিনারে বিশেষ অতিথি হিসেবে ভার্চুয়ালি অংশগ্রহণ করেন ড. মোঃ জাফর উদ্দীন, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, জনাব এ বি এম আজাদ, এনডিসি, বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী, জনাব মোঃ আনোয়ার হোসেন, বিপিএম (বার), পিপিএম (বার), ডিআইজি, চট্টগ্রাম রেঞ্জ, জনাব সালেহ মোহাম্মদ তানভীর, বিপিএম, পিপিএম, পুলিশ মিশনার, চট্টগ্রাম, জনাব এম. এ. সালাম, চেয়ারম্যান, জেলা পরিষদ, চট্টগ্রাম। সেমিনারে পাওয়ারপয়েন্ট উপস্থাপন করেন কমিশনের সদস্য জনাব জি. এম. সালেহ উদ্দীন।


সেমিনারে বক্তব্য রাখেন জনাব মোঃ জাফর আলম, সদস্য (প্রশাসন ও পরিকল্পনা), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, জনাব শাহ মোঃ আবু রায়হান আল বিরুনী, সদস্য, বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন, জনাব মোহাম্মদম মমিনুর রহমান জেলা প্রশাসক, চট্টগ্রাম, জনাব মোহাম্মদ কামরুল হাসান, জেলা প্রশাসক, কুমিল্লা, জনাব ইয়াছমিন পারভীন তিবরীজি, জেলা প্রশাসক, বান্দরবান, জনাব জহিরুল ইসলাম খান, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম প্রমুখ। এছাড়াও উক্ত সেমিনারে বক্তব্য রাখেন জনাব মাহবুবুল আলম প্রেসিডেন্ট, চট্টগ্রাম চেম্বার অব কমার্স, জনাব রেখা আলম চৌধুরী, চট্টগ্রাম উইমেন চেম্বার অব কমার্স, চট্টগ্রাম, খাতুনগঞ্জ ব্যবসায়ী সমিতির প্রতিনিধি, প্রফেসর এ বি এম আবু নোমান, ডিন, আইন অনুষদ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, প্রফেসর ড. এস এম সোহরাবুদ্দীন, ফাইন্যান্স বিভাগ, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। উক্ত সেমিনারে অংশগ্রহণকারীগণ নিত্যপ্রয়োজনীয় পণ্য এবং সেবার মূল্য ও সরবরাহ স্থিতিশীল রাখার লক্ষ্যে গুরুত্বপূর্ণ মতামত/পরামর্শ প্রদান করেন এবং কমিশনের কার্যক্রম বাস্তবায়নে সর্বাত্মক সহায়তা প্রদানের আশ্বাস প্রদান করেন। সেমিনারে ধন্যবাদ জ্ঞাপন করেন কমিশনের সদস্য ড. এ এফ এম মনজুর কাদির।




চট্টগ্রাম বিভাগীয় সেমিনারে (ভার্চুয়ালি) বক্তব্য রাখছেন ড. মোঃ জাফর উদ্দীন, সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়



চট্টগ্রাম বিভাগীয় সেমিনারে (ভার্চুয়ালি) বক্তব্য রাখছেন মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব টিপু মুনশী, এমপি



চট্টগ্রাম বিভাগীয় সেমিনারে (ভার্চুয়ালি) বক্তব্য রাখছেন কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম



চট্টগ্রাম বিভাগীয় সেমিনারে (ভার্চুয়ালি) বক্তব্য রাখছেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোঃ রেজাউল করিম চৌধুরী

## বাংলাদেশ টেলিভিশনে কমিশন চেয়ারপার্সন কর্তৃক মতামত প্রদান

বিগত ০২ জুন ২০২১ তারিখ বেলা ১১.০০ টায় বাংলাদেশ টেলিভিশনে কমিশনের কার্যক্রম সম্পর্কিত একটি প্রতিবেদন প্রকাশিত হয়। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন মহোদয় উক্ত অনুষ্ঠানে তাঁর মূল্যবান মতামত প্রকাশ করেন।




## কমিশন কর্মকর্তাদের নিয়ে কমিশনের অভ্যন্তরীণ সভা

এডভোকেসি কার্যক্রমের অংশ হিসেবে বিগত ০৩ জুন, ২০২১ তারিখে “Administrative Penalty and Administrative Guidance Letter Pronounced by The Competition Authority of China (State Administration for Market Regulation)” শীর্ষক একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মানিত চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম, সম্মানিত সদস্যবৃন্দ ও সকল কর্মকর্তা কর্মচারী উপস্থিত ছিলেন। উক্ত কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। মূল পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন জনাব খালেদ আবু নাছের, পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। উল্লেখ্য গত ১০ এপ্রিল ২০২১ তারিখে চীনের ই-কমার্স জায়েন্ট আলিবাবা হোল্ডিংস লিমিটেড-কে কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহারের জন্য চায়নার State Administration for Market Regulation (SAMR) কর্তৃক ২.৮ বিলিয়ন ইউএস ডলার জরিমানা করা হয় যা ২০১৯ সালে আলিবাবার অভ্যন্তরীন আয়ের ৪ শতাংশ। এ রায়/আদেশ থেকে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের শিক্ষণীয় বিষয়সমূহ অনুধাবনের জন্য কর্মশালাটি আয়োজন করা হয়।




Administrative Penalty and Administrative Guidance Letter Pronounced by The Competition Authority of China (State Administration for Market Regulation) শীর্ষক কর্মশালায় উপস্থিত কমিশনের চেয়ারপার্সন ও সদস্যবৃন্দ



Administrative Penalty and Administrative Guidance Letter Pronounced by The Competition Authority of China (State Administration for Market Regulation) শীর্ষক কর্মশালায় পয়েন্ট উপস্থাপন করছেন জনাব খালেদ আবু নাছের, পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।

## কমিশন কর্তৃক স্বাস্থ্যসেবা খাতে বেসরকারি হাসপাতাল ও বেসরকারি ডায়াগনস্টিক সেন্টার বিষয়ক স্টাডি কার্যক্রমের Inception Report সংক্রান্ত সভা

স্বাস্থ্যসেবা খাতে বেসরকারি হাসপাতাল ও বেসরকারি ডায়াগনস্টিক সেন্টার বিষয়ক স্টাডি কার্যক্রমের Inception Report এর বিষয়ে বিশ্লেষণ ও মতামত প্রদান সংক্রান্ত একটি সভা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে কমিশনের সভা কক্ষে বিগত ৭ জুন ২০২১ তারিখ সকাল ১১.০০ টায় অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন, জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত সভায় উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দসহ সকল কর্মকর্তা, যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয়, যুগ্মসচিব (হাসপাতাল), স্বাস্থ্যসেবা বিভাগ, প্রতিনিধি, স্বাস্থ্য অর্থনীতি ইন্সটিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ।




স্বাস্থ্যসেবা খাতের বাজার বেসরকারি হাসপাতাল ও বেসরকারি ডায়াগনস্টিক বিষয়ক স্টাডি কার্যক্রমের Inception Report এর বিষয়ে বিশ্লেষণ ও মতামত প্রদান সংক্রান্ত সভা

# কমিশন কর্তৃক কাঁচা, ওয়েট ব্লু, ক্রাসড ও ফিনিসড লেদার/চামড়ার বাজার বিষয়ক স্টাডি কার্যক্রমের Inception Report সংক্রান্ত সভা

কাঁচা, ওয়েট ব্লু, ক্রাসড ও ফিনিসড লেদার/চামড়ার বাজার বিষয়ক স্টাডি কার্যক্রমের Inception Report এর বিষয়ে বিশ্লেষণ ও মতামত প্রদান সংক্রান্ত একটি সভা বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের আয়োজনে কমিশনের সভা কক্ষে বিগত ৭ জুন ২০২১ তারিখ সকাল ১১.৩০ টায় অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন কমিশনের সম্মানিত চেয়ারপার্সন, জনাব মোঃ মফিজুল ইসলাম। উক্ত সভায় উপস্থিত ছিলেন কমিশনের বিজ্ঞ সদস্যবৃন্দসহ সকল কর্মকর্তা, যুগ্মসচিব, বাণিজ্য মন্ত্রণালয়, প্রভাষক, আইএলইটি, ঢাকা বিশ্ববিদ্যালয়সহ ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকগণ।




কাঁচা, ওয়েট ব্লু, ক্রাসড ও ফিনিসড লেদার/চামড়ার বাজার বিষয়ক স্টাডি কার্যক্রমের Inception Report এর বিষয়ে বিশ্লেষণ ও মতামত প্রদান সংক্রান্ত সভা

# জুম প্লাটফর্মে বাংলাদেশ ইন্টেলেকচুয়াল প্রোপার্টি ফোরাম কর্তৃক আয়োজিত "Competition Law Regime in Bangladesh" শীর্ষক ওয়েবিনারে কমিশনের অংশগ্রহণ

বিগত ০৯ জুন ২০২১ তারিখ বাংলাদেশ সময় সন্ধ্যা ৭ টায় জুম প্লাটফর্মে বাংলাদেশ ইন্টেলেকচুয়াল প্রোপার্টি ফোরাম কর্তৃক আয়োজিত "Competition Law Regime in Bangladesh" শীর্ষক ওয়েবিনার অনুষ্ঠিত হয়। ওয়েবিনারের মডারেটর ছিলেন বাংলাদেশ ইন্টেলেকচুয়াল প্রোপার্টি ফোরামের প্রতিষ্ঠাতা ব্যারিস্টার এ বি এম হামিদুল মিসবাহ এবং ওয়েবিনারের সম্মানিত চেয়ার হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব মোঃ মফিজুল ইসলাম। ওয়েবিনারে প্যানেল স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন ব্যারিস্টার নিহাদ কবির, সিনিয়র পার্টনার, সৈয়দ ইশতিয়াক আহমেদ এন্ড এসোসিয়েটস ও সভাপতি, মেট্রোপলিটন চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ; ড. এ. কে. এনামুল হক, অধ্যাপক, অর্থনীতি বিভাগ, ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়; জনাব এ. কে. এম. ফাহিম মাশরুর, সিইও এন্ড ফাউন্ডার, বিডিজবস ডট কম, জনাব মনোজ কুমার চৌধুরী, পার্টনার হেড অব কম্পিটিশন ল প্র্যাকটিস গ্রুপ, খাইতান এন্ড কোং এলএলপি, ভারত; জনাব আসলাম হায়াত, পার্টনার, হায়াত এন্ড নুরওয়ালা, পাকিস্তান; এবং জনাব ইভান উইলিয়ামস, অ্যাটর্নি অ্যাডভাইজার ফর এশিয়া, ইউএস ডিপার্টমেন্ট অব জাস্টিস।



## মুজিববর্ষ উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা

প্রতিযোগিতা আইন, ২০১২ এর লক্ষ্য ও উদ্দেশ্য এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের কার্যক্রম সম্পর্কে কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীদের মধ্যে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে ২০২০-২১ অর্থবছরে রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়। কলেজ পর্যায়ে প্রতিযোগিতার বিষয় ছিলো **"পণ্য ও সেবার বাজারে সুষ্ঠু প্রতিযোগিতামূলক পরিবেশ গঠন ও উন্নয়নে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয়"**। অপরদিকে, বিশ্ববিদ্যালয় পর্যায়ের জন্য নির্ধারিত বিষয় ছিলো **"কোভিড-১৯ জনিত পরিস্থিতিতে দেশের প্রতিযোগিতামূলক স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের ভূমিকা ও করণীয়"**। এ প্রতিযোগিতায় কলেজ পর্যায়ে ২৩৮ জন ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে ৪৫ জনসহ মোট ২৮৩ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে। কমিশনের কর্মকর্তাগণ কর্তৃক দ্বৈত মূল্যায়ন পদ্ধতিতে রচনাগুলো মূল্যায়ন করা হয়। মূল্যায়নের মাধ্যমে কলেজ পর্যায়ে ৩ জন এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে ৩ জন শিক্ষার্থীকে চূড়ান্তভাবে বিজয়ী ঘোষণা করা হয়। কলেজ ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে রচনা প্রতিযোগিতায় বিজয়ী শিক্ষার্থীদের তালিকা নিম্নরূপ:

## বিশ্ববিদ্যালয় পর্যায়

| ক্রম | নাম | পিতা ও মাতার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ সাইফুর রহমান | পিতাঃ এবাদুর রহমান<br>মাতাঃ সুরমা বেগম | সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় |
| ০২. | জনাব মোঃ রাকিবুল ইসলাম অনিক | পিতাঃ খোরশেদ আলম খোকন<br>মাতাঃ হাসিনা বেগম | শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় |
| ০৩. | জনাব মাহের আনসারি মাহিম | পিতাঃ মোঃ মিজানুর রহমান শেখ<br>মাতাঃ মোহসিনা বেগম | ঢাকা বিশ্ববিদ্যালয় |

## কলেজ পর্যায়

| ক্রম | নাম | পিতা ও মাতার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|
| ০১. | জনাব ঈষিকা অরুণিমা | পিতাঃ এ কে এম আনোয়ারুল হক<br>মাতাঃ মনিরা আক্তার খানম | নেত্রকোনা সরকারী কলেজ |
| ০২. | জনাব অনিন্দিতা আশরাফ | পিতাঃ মোহাম্মদ আশরাফুল আলম<br>মাতাঃ সখিনা আখতার | শেরপুর সরকারী কলেজ |
| ০৩. | জনাব তাসনীম তিশা | পিতাঃ মোঃ সোহরাব হোসেন<br>মাতাঃ মোসাঃ খাদিজা বেগম | বরিশাল সরকারী মহিলা কলেজ |

## প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় বিজ্ঞপ্তি প্রচার

**প্রিন্ট মিডিয়ায় প্রচারিত গণবিজ্ঞপ্তি সমূহঃ**

| ক্রম | প্রকাশের তারিখ | পত্রিকার নাম | বিষয়বস্তু |
|---|---|---|---|
| ০১. | ১২ এপ্রিল ২০২১ | দৈনিক ইত্তেফাক | বাজারে সুষ্ঠ প্রতিযোগিতা বিষয়ক গণবিজ্ঞপ্তি |
| ০২. | ২০ মে ২০২১ | দৈনিক সমকাল | কোভিড-১৯ পরিস্থিতিতে ঔষধের বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা বিষয়ক জরুরী গণবিজ্ঞপ্তি |
| ০৩. | ১৬ জুন ২০২১ | দৈনিক ইত্তেফাক | জোটবদ্ধতা (Meger & Acquisition) সংক্রান্ত গণবিজ্ঞপ্তি |
| ০৪. | ১৬ জুন ২০২১ | দৈনিক যুগান্তর | দরপত্র জালিয়াতি (Bid Rigging) সংক্রান্ত গণবিজ্ঞপ্তি |
| | | | |

## ইলেকট্রিক মিডিয়ায় প্রচারিত বিজ্ঞপ্তি

বহুল প্রচারিত টিভিচ্যানেল "চ্যানেল ২৪" এ বিগত ১০ এপ্রিল ২০২১ তারিখ হতে ১৯ এপ্রিল ২০২১ তারিখ পযন্ত নিম্নলিখিত টিভিস্ক্রল সমূহ প্রচার করা হয়েছেঃ

### টিভিস্ক্রলে প্রচারিত বিজ্ঞাপন

- বাজারে প্রতিযোগিতা পরিপন্থী কর্মকান্ড থেকে বিরত থাকুন। পণ্য ও সেবার মূল্য ও মান নিশ্চিত করুন।

  বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

- ব্যবসা-বাণিজ্যে সিন্ডিকেট/কার্টেল শাস্তিযোগ্য অপরাধ। যেকোন ধরনের সিন্ডিকেট/কার্টেল সম্পর্কে কমিশনকে তথ্য দিয়ে সহায়তা করুন।

  বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।

- বাজারে পণ্য/সেবার কৃত্রিম সংকট সৃষ্টি প্রতিযোগিতা আইনানুযায়ী দন্ডনীয় অপরাধ। এ বিষয়ে কমিশনকে তথ্য দিন।

  বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

- রমজানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মজুদ সন্তোষজনক। নিত্য প্রয়োজনীয় পণ্যের সিন্ডিকেটকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

  বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

- বাজারে কার্টেল/সিন্ডিকেটকারীদের বিরুদ্ধে প্রতিযোগিতা আইনানুযায়ী টার্নওভারের ১০% অথবা মুনাফার তিনগুণ জরিমানার বিধান রয়েছে।

  বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

- মনোপলি, কর্তৃত্বময় অবস্থানের অপব্যবহার সহ প্রতিযোগিতা পরিপন্থী অন্যান্য কর্মকান্ডের মাধ্যমে বাজারে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মূল্যবৃদ্ধি বা বৃদ্ধির চেষ্টা প্রতিযোগিতা আইন, ২০১২ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ। প্রতিযোগিতা আইন মেনে চলুন। দ্রব্যমূল্য স্থিতিশীল রাখতে সরকারকে সহযোগিতা করুন।

  বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

Bangladesh
Competition
Commission

Competition for growth

# Bangladesh Competition Commission

- বাজারে পণ্য/সেবার কৃত্রিম সংকট সৃষ্টি প্রতিযোগিতা আইনানুযায়ী দন্ডনীয় অপরাধ। এ বিষয়ে কমিশনকে তথ্য দিন।

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

- রমজানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের মজুদ সন্তোষজনক। নিত্য প্রয়োজনীয় পণ্যের সিন্ডিকেটকারীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন

**"প্রতিযোগিতা আইনের বিধান মেনে চলুন, ব্যবসাকে ঝুঁকিমুক্ত রাখুন।"**




# “মুজিব বর্ষের প্রতিশ্রুতি প্রতিযোগিতামূলক বাজার ব্যবস্থার উন্নতি”


## উপদেষ্টা পরিষদ

**মোঃ মফিজুল ইসলাম**
চেয়ারপার্সন
ও
সভাপতি
উপদেষ্টা পরিষদ

**ড. এ এফ এম মনজুর কাদির**
সদস্য

**মোঃ আব্দুর রউফ**
সদস্য

**নাসরিন বেগম**
সদস্য

## সম্পাদনা পরিষদ

**জি. এম. সালেহ উদ্দিন**
সদস্য
ও
আহবায়ক
সম্পাদনা পরিষদ

**মুহাম্মদ মুনীরুজ্জামান ভূঞাঁ**
পরিচালক

**মোঃ মাহবুব আলম**
উপপরিচালক

**সারাওয়াত মেহজাবীন**
উপপরিচালক

**আতিকুল ইসলাম**
উপপরিচালক



Bangladesh Competition

প্রকাশনায় :

**বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন**

৩৭/৩/এ, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০

ফোন : +৮৮ ০২ ৫৮৩১৫৪৮৫, ফ্যাক্স : +৮৮ ০২ ৫৮৩১৫৫৮৭